জনাব মোঃ আবদুল হালিম, সচিব, শিল্প মন্ত্রণালয়
এর
বিসিক শিল্প পার্ক, মির্জাপুর, টাঙ্গাইল পরিদর্শন প্রতিবেদন

গত ২৮ ডিসেম্বর ২০১৯ তারিখ, শনিবার জনাব মোঃ আবদুল হালিম, সচিব, শিল্প মন্ত্রণালয় বিসিক শিল্প পার্ক, মির্জাপুর, টাঙ্গাইল পরিদর্শন করেন। পরিদর্শনকালে জনাব নেপাল চন্দ্র কর্মকার, উপসচিব, শিল্প মন্ত্রণালয়; জনাব আতাউর রহমান সিদ্দিকী, পরিচালক (প্রকল্প), উপসচিব, বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প করপোরেশন এবং জনাব দীপঙ্কর রায়, সচিবের একান্ত সচিব (সিনিয়র সহকারী সচিব), শিল্প মন্ত্রণালয় তাঁর সফরসঙ্গী হন।

সচিব মহোদয় বিকাল ৪.০০ টায় অনুমোদিত বিসিক শিল্প পার্ক, মির্জাপুর, টাঙ্গাইলে উপস্থিত হন এবং শিল্প পার্ক পরিদর্শন করেন। সচিব মহোদয় শিল্প পার্কটির সীমানার উল্লেখযোগ্য বিভিন্ন অংশ ঘুরে দেখেন এবং পার্কটির ভৌগলিক অবস্থান ও প্রাকৃতিক পরিবেশে সন্তোষ প্রকাশ করেন। তিনি শিল্প পার্কটিকে একটি মডেল শিল্প পার্ক হিসেবে গড়ে তোলার জন্য প্রকল্প পরিচালক (বিসিক) কে নির্দেশনা প্রদান করেন। জমির উঁচু-নিচু অংশকে সমতল না করে যেখানে যেমনটি আছে যথাসম্ভব তেমনটি রেখেই প্রকল্পের লে-আউট প্রণয়ন করার পরামর্শ প্রদান করেন। প্রকল্পের প্রশাসনিক অফিস ও একটি রেস্ট হাউস সবচাইতে উঁচু টিলার ওপরেই নির্মাণ করার পরামর্শ প্রদান করেন যাতে প্রকল্পের নান্দনিকতা বৃদ্ধি পায় । জমির মালিকগণের সাথে মামলা-মোকদ্দমায় না গিয়ে তাদের সাথে সমঝোতার ভিত্তিতে জমি সংক্রান্ত সমস্যা দ্রুত সমাধান করার জন্য উদ্যোগ গ্রহণ করতে বলেন। প্রকল্প এলাকার মধ্যে একটি জলাধার নির্মাণ করতে পরামর্শ প্রদান করেন। তিনি প্রকল্পের অন্যান্য বিভিন্ন বিষয়ে পরিচালক (প্রকল্প) ও প্রকল্প পরিচালকের কাছ থেকে খোঁজ নেন।

প্রকল্পের জমি পরিদর্শন শেষে সচিব মহোদয় কর্মকর্তা-কর্মচারীদের সাথে এক মতবিনিময় সভায় মিলিত হন। মতবিনিময় সভায় জেলা প্রশাসনের অতিরিক্ত জেলা প্রশাসক, ম্যাজিস্ট্রেট, সহকারী কমিশনার (ভূমি), মির্জাপুর, টাঙ্গাইল, প্রকল্প পরিচালক এবং স্থানীয় বাসিন্দাগণ উপস্থিত ছিলেন।

০১। **বিসিক শিল্পপার্ক, টাঙ্গাইল এর সংক্ষিপ্ত বিবরণ:**

০১.	প্রকল্পের নাম	ঃ	বিসিক শিল্প পার্ক, টাঙ্গাইল।
০২.	প্রকল্পের অবস্থান	ঃ	মৌজা- মমিন নগর, গোড়াই, মির্জাপুর, টাঙ্গাইল।
০৩.	একনেক কর্তৃক প্রকল্পটি অনুমোদনের তারিখ	ঃ	০১-০৯-২০১৫ খ্রিঃ
০৪.	প্রকল্পের বাস্তবায়নকারী সংস্থা	ঃ	বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প করপোরেশন (বিসিক)
০৫.	প্রকল্পের বাস্তবায়ন কাল	ঃ	জুলাই'২০১৫ হতে জুন' ২০২০ পর্যন্ত।
০৬.	প্রকল্পের জমির পরিমাণ	ঃ	৫০ (পঞ্চাশ) একর (৩ ধারা নোটিশের পর ০.৬৫ একর জমির উপর আপত্তির প্রেক্ষিতে অনুমোদন মোতাবেক ৪৯.৩৫ একর জমি অধিগ্রহণের সিদ্ধান্ত নেয়া হয় এবং সে অনুযায়ী ভূমি মন্ত্রণালয় হতে অনুমোদিত হয়।
০৭.	প্রকল্পের মোট ব্যয় (১ম সংশোধন অনুযায়ী)	ঃ	২৯৫৭৫.০০ (লক্ষ টাকা)
০৮.	প্রকল্পের জনবল	ঃ	১০ (দশ) জন । প্রজ্ঞাপন আদেশ অনুযায়ী গত ০৫-০৬-২০১৭ইং তারিখে প্রকল্প পরিচালক যোগদান করেছেন। প্রেষণে আছেন ০২ জন- প্রকল্প পরিচালক, সহকারী প্রকৌশলী। সরাসরি নিয়োগ ০৩ জন -কারিগরী কর্মকর্তা, হিসাব রক্ষক, অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর কর্মরত আছেন। আউট সোর্সিং ০৪ জন -০১ জন গাড়ী চালক, ০১ জন অফিস সহায়ক, ০২ জন দারোয়ান কর্মরত আছেন।
০৯.	ভূমি অধিগ্রহণ সংক্রান্ত অগ্রগতি	ঃ	বিসিক শিল্পপার্ক, টাঙ্গাইল শীর্ষক প্রকল্পের অনুকূলে অধিগ্রহণাধীন ৪৯.৩৫ একর জমির ক্ষতিপূরণ বাবদ চূড়ান্ত প্রাক্কলন পাওয়া গিয়েছে । ১৯৮২ সনের স্থাবর সম্পত্তি অধিগ্রহণ ও হুকুম দখল অধ্যাদেশ এর আওতায় এলএ কেস নং ০৩/২০১৬-২০১৭ এর প্রেক্ষিতে বিসিক শিল্পপার্ক, টাঙ্গাইল প্রতিষ্ঠার জন্য চূড়ান্ত প্রাক্কলন অনুযায়ী অধিগ্রহণকৃত জমির মূল্য, অবকাঠামো মূল্য, গাছপালার মূল্য, ব্যবসায়িক ক্ষতিপূরণ, ৮(২) ধারা মতে বাজার মূল্যের উপর শতকরা ৫০% হারে অতিরিক্ত ক্ষতিপূরণের টাকা এবং আনুষাঙ্গিক খরচ হিসেবে

৭.৫% হারে টাকাসহ সর্বমোট ২২৭১৯৬৩৭৭০.২৫/- টাকার চূড়ান্ত প্রাক্কল হয়েছে। ইতোপূর্বে ১০-০৬-২০১৮ ইং তারিখে বর্ণিত অধিগ্রহনাধীন জমির মূল্যের অ হিসেবে ডিপিপির সংস্থান অনুযায়ী ১১৬,১৪,১৪৮০০.০০/- টাকা জমা দেয়া হয়। অবশি ১১১,০৫,৪৮৯৭০.২৫/- টাকা গত ২৭/০৬/২০১৯ইং তারিখে জেলা প্রশাসক, টাঙ্গাইল বরাবরে জমা দেয়া হয়েছে। জমি অধিগ্রহণ কার্যক্রম সমাপ্ত হওয়ায় ডিসেম্বর'২০১৯ ইং তারিখের মধ্যে জমির মালিকদের মধ্যে জমির ক্ষতিপূরণের টাকা বিতরণ ও অন্যান্য কার্যক্রম সম্পন্ন করে জমির পজেশান হস্তান্তর করা হবে মর্মে সংশ্লিষ্ট দপ্তর হতে জানানো হয়েছে।

১০.গাছপালা অপসারণ সংক্রান্ত অগ্রগতি	ঃ	প্রকল্পের জমিতে অবস্থিত গাছপালা ও ঘরবাড়ি অপসারণের বিষয়ে জেলা প্রশাসক, বনবিভাগ ও গণপূর্ত বিভাগ, টাঙ্গাইল এর সাথে যোগাযোগ অব্যাহত আছে। জমি অধিগ্রহণ কার্যক্রম সম্পন্ন হলে গাছপালার ও ঘরবাড়ির প্রকৃত বাজার মূল্য নির্ধারণ করে নিলাম কার্যক্রম শুরু করা যাবে।
১১. ঘরবাড়ি অপসারণ সংক্রান্ত অগ্রগতি	ঃ	জমি অধিগ্রহণ কার্যক্রম সম্পন্ন হলে প্রকল্পের জমিতে অবস্থিত ঘরবাড়ি অপসারণের বিষয়ে জেলা প্রশাসকের দপ্তর হতে গণপূর্ত বিভাগ, টাঙ্গাইল-কে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করার জন্য নির্দেশনা প্রদান করা হবে মর্মে জানা যায়।
১২. টেন্ডার কার্যক্রম সংক্রান্ত	ঃ	প্রকল্পের মাটি ভরাটের কাজের টেন্ডার গত ২৪/১০/২০১৯ইং তারিখে ই-জিপিতে ওটিএম পদ্ধতিতে আহ্বান করা হয়েছে এবং গত ২৪/১১/২০১৯ ইং তারিখে টেন্ডার উন্মুক্ত করা হয়। ডিসেম্বর'২০১৯ ইং তারিখের মধ্যে মূল্যায়ন কার্যক্রম সম্পন্ন করা হবে। চলতি ২০১৯-২০ অর্থ বছরে পর্যায়ক্রমে আরও ০৪(চার) টি নির্মাণ কাজের টেন্ডার আহ্বান করা হবে। কাজগুলো হলো-(১) রিটেইনিং ওয়াল (২) প্রশাসনিক ভবন (৩) পাম্প ড্রাইভারর্স কোয়ার্টার (৪) অফিস আসবাবপত্র ক্রয়।
১৩. পরিবেশ ছাড়পত্র সংগ্রহ	ঃ	বিসিক শিল্পপার্ক, টাঙ্গাইল শীর্ষক প্রকল্পের পরিবেশ ছাড়পত্র সংগ্রহের কার্যক্রম চলমান রয়েছে। ইতোমধ্যে অবস্থানগত ছাড়পত্র পাওয়া গিয়েছে এর চূড়ান্ত পরিবেশগত ছাড়পত্র সম্পাদনের জন্য আইইই এবং ইআইএ প্রতিবেদন প্রস্তুত করে পরিবেশ অধিদপ্তর, আগারগাঁও, ঢাকায় দাখিল করা হয়েছে। অতি শীঘ্রই ছাড়পত্র পাওয়া যাবে বলে কনসালটেন্সি প্রতিষ্ঠান হতে জানা যায়।
১৪. প্রকল্পের গ্যাস ও বিদ্যুৎ লাইন নির্মাণ সংক্রান্ত	ঃ	বিসিক শিল্পপার্ক, টাঙ্গাইল শীর্ষক প্রকল্পের গ্যাস লাইন সংযোগের সম্মতি ও প্রাক্কলন তিতাস গ্যাস কর্তৃপক্ষ হতে এবং বিদ্যুৎ লাইন সংযোগের সম্মতি ও প্রাক্কলন টাঙ্গাইল পল্লি বিদ্যুৎ সমিতি-১ হতে নেয়া হয়েছে।
১৫. এডিপি বরাদ্দ সংক্রান্ত	ঃ	২০১৯-২০ অর্থ বছরের এডিপি বাজেট বরাদ্দে ১০০০.০০লক্ষ টাকার বাজেট বিভাজন আদেশ জারী হয়েছিল। মুলধন খাতে ৯৫০.০০ লক্ষ ও রাজস্ব খাতে ৫০.০০ লক্ষ টাকা। উক্ত বাজেট হতে ১ম কিস্তি বাবদ ৩১.১৯ লক্ষ টাকা উত্তোলন করা হয়েছে এবং নভেম্বর'২০১৯ পর্যন্ত ১০.৮৫ লক্ষ টাকা ব্যয় করা হয়েছে। ২০১৯-২০ অর্থ বছরে আরএডিপি বরাদ্দ ২৫০.০০লক্ষ টাকা । প্রকল্পের শুরু হতে নভেম্বর'২০১৯ পর্যন্ত অধিগ্রহণ ব্যয় সহ মোট ব্যয় ২২৮৩৫.২৬ লক্ষ টাকা। বর্তমান আর্থিক অগ্রগতি ৭৭.১৭%।

০২। সচিব মহোদয়ের নির্দেশনাঃ

২.১) শিল্প পার্কটিকে একটি মডেল শিল্প পার্ক হিসেবে গড়ে তুলতে হবে।

২.২) জমির উঁচু-নিচু ভৌগলিক তলকে সমতল না করে যেখানে যেমনটি আছে যথাসম্ভব তেমনটি রেখেই প্রকল্প বাস্তবায়ন করার চেষ্টা করতে হবে।

২.৩) জমির মালিকগণের সাথে মামলা-মোকদ্দমায় না জড়িয়ে সমঝোতার ভিত্তিতে জমি সংক্রান্ত সমস্যা দ্রুত সমাধান করতে হবে।

২.৪) প্রকল্প এলাকার মধ্যে একটি জলাধার রাখতে হবে।

২.৫) নির্ধারিত সময়ের মধ্যে প্রকল্পের কাজ সমাপ্ত করতে হবে।

০৩। বাস্তবায়নেঃ

ক) অতিরিক্ত সচিব (বিসিক), শিল্প মন্ত্রণালয়।

খ) চেয়ারম্যান, বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প করপোরেশন, ঢাকা।

গ) যুগ্মসচিব (বিসিক),শিল্প মন্ত্রণালয়, ঢাকা।
ঘ) জেলা প্রশাসক, টাঙ্গাইল।
ঙ) উপসচিব (বিসিক), শিল্প মন্ত্রণালয়, ঢাকা।
চ) প্রকল্প পরিচালক, বিসিক শিল্প পার্ক, মির্জাপুর টাঙ্গাইল।

এমতাবস্থায় উপরোক্ত নির্দেশনাসমূহ বাস্তবায়নের উদ্যোগ গ্রহণ করে বাস্তবায়ন অগ্রগতি সচিব মহোদয়কে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

স্বাক্ষরিত
20.01.2020
দীপঙ্কর রায়
সচিবের একান্ত সচিব
(সিনিয়র সহকারী সচিব)
শিল্প মন্ত্রণালয়
ফোন নম্বর: +০৮০২৯৬৫৩৫৮২
ই-মেইলঃ ps2secy@moind.gov.bd

স্মারক নম্বর: ৩৬.০০.০০০০.০২১.১৬.০০৩.১৮- ৩৫৮/১১

তারিখঃ ০৬ মাঘ ১৪২৬
২০ জানুয়ারি ২০২০

বিতরণ, সদয় অবগতি ও কার্যার্থে: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১) অতিরিক্ত সচিব (বিসিক) শিল্প মন্ত্রণালয় (সচিবের নির্দেশনা বাস্তবায়নের জন্য চেয়ারম্যান, বিসিককে পত্র দেয়ার জন্য অনুরোধসহ)
২) চেয়ারম্যান, বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প কর্পোরেশন, ঢাকা
৩) পরিচালক (সকল),বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প কর্পোরেশন, ঢাকা
৪) জেলা প্রশাসক, টাঙ্গাইল
৫) মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিল্প মন্ত্রণালয়, ঢাকা
৬) মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, শিল্প মন্ত্রণালয়, ঢাকা
৭) উপসচিব (বিসিক), শিল্প মন্ত্রণালয়, ঢাকা
৮) সিস্টেম এনালিস্ট, শিল্প মন্ত্রণালয় (শিল্প মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের জন্য)
৯) সিনিয়র সহকারী সচিব (বিসিক), শিল্প মন্ত্রণালয়
১০) প্রকল্প পরিচালক, বিসিক শিল্প পার্ক, মির্জাপুর টাঙ্গাইল।
১১) অফিস কপি।

20.01.2020

সচিবের একান্ত সচিব
(সিনিয়র সহকারী সচিব)
শিল্প মন্ত্রণালয়